যুগান্তর

তারিখ 24 MAY 2004
পৃষ্ঠা ২ কলাম ৭

# নকলমুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হবে
## —শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক বলেছেন, যেখানে নকল হবে না সেই শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট এলাকাকে 'নকলমুক্ত' ঘোষণা করা হবে। আর স্বীকৃতিস্বরূপ ওই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতনের সরকারি অংশ শতভাগে উন্নীত এবং অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে। তিনি গতকাল রাজধানীতে নকলবিরোধী এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। ঢাকা শিক্ষা বোর্ডের উদ্যোগে বিয়াম মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন।

শিক্ষামন্ত্রী বলেন, আর যেখানে নকল হবে বা ছাত্রছাত্রীরা পাস করতে পারবে না সেখানে উল্টো ব্যবস্থা গ্রহণ করা হবে।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, মাদ্রাসায় এখনও নকল হচ্ছে। তিনি শিক্ষকদের আরও কঠোর হওয়ার আহ্বান জানিয়ে বলেন, আপনারা সাহসিকতার সঙ্গে দায়িত্ব পালন করলে নকল নির্মূল হবে।

সভায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ জুনাইদ, ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মোহাম্মদ ফরহাদ, ঢাকা অঞ্চলের বিভিন্ন কলেজের অধ্যক্ষ এবং প্রশাসনিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন।